গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ অধিশাখা

নং-৩৩.০০.০০০০.১২৭.০১.০০৫.১৫-৪৭৩

তারিখঃ ১৭ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
০১ নভেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
এজিবি (সিভিল) ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: চলতি ২০১৭-১৮ অর্থ বছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেটে '৩-৪৪০১-০০০১-৬৬০৫ বিশেষ অপারেশন' কোডে বরাদ্দকৃত ৬.০০ (ছয়) কোটি টাকা হতে "মা ইলিশ সংরক্ষণ, ২০১৭" অভিযান বাস্তবায়নের জন্য সহায়তাকারী বিভিন্ন জেলা প্রশাসনের অনুকূলে বরাদ্দকৃত ২০.০০ (বিশ) লক্ষ টাকা হতে ৩য় কিস্তিতে ১০.০০ (দশ) লক্ষ টাকা বরাদ্দ ও অগ্রিম উত্তোলনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে।

মহোদয়,

চলতি বছরের "মা ইলিশ সংরক্ষণ, ২০১৭" অভিযান, জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম, বেহুন্দি অন্যান্য অবৈধ জাল অপারেশনে কম্বিং অপারেশন এবং জাটকা সংরক্ষণ সপ্তাহ বাস্তবায়নের জন্য চলতি ২০১৭-১৮ অর্থ বছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেটে '৩-৪৪০১-০০০১-৬৬০৫ বিশেষ অপারেশন' কোডে বরাদ্দকৃত ৬.০০ (ছয়) কোটি টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দ হতে "মা ইলিশ সংরক্ষণ, ২০১৭" অভিযান বাস্তবায়নের জন্য বিভাজনপূর্বক সহায়তাকারী বিভাগ/দপ্তর/সংস্থা/বাহিনীর অনুকূলে অর্থ বিভাগের সম্মতিক্রমে এ মন্ত্রণালয়ের ২৯/১০/২০১৭ খ্রি. তারিখের ৩৩.০০.০০০০.১২৭.০১.০০৫.১৫-৪৬৪ নং স্মারকমূলে ১,১৬,৫০,০০০/-(এক কোটি ষোল লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ ও অগ্রিম উত্তোলনে সরকারি মঞ্জুরী (জিও) জারি করা হয়েছে। উক্ত সরকারি মঞ্জুরী পত্রে প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ সংরক্ষণ কার্যক্রম, ২০১৭ বাস্তবায়নের জন্য জেলা প্রশাসনের অনুকূলে বরাদ্দকৃত ২০.০০ (বিশ) লক্ষ টাকার মধ্যে ৩য় কিস্তিতে ১০.০০ (দশ) লক্ষ টাকা অন্তর্ভুক্ত রয়েছে। এক্ষণি জেলা প্রশাসনের অনুকূলে ৩য় কিস্তিতে বরাদ্দকৃত ১০.০০ (দশ) লক্ষ টাকা নিম্নের বিভিন্ন জেলা প্রশাসকের অনুকূলে বিভাজন ও শর্ত অনুযায়ী বরাদ্দ ও অগ্রিম উত্তোলনে আদিষ্ট হয়ে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।

(অংকসমূহ টাকায়)

| ক্রমিক নং | বিভিন্ন জেলা প্রশাসন | মোট বরাদ্দ (সংশোধিত) | ৩য় কিস্তিতে বরাদ্দ ও ছাড় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | জেলা প্রশাসক, চাঁদপুর | ৪,০০,০০০/- | ২,০০,০০০/- | প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ সংরক্ষণ কার্যক্রমের জন্য বিল বোর্ড স্থাপন, জেলে পল্লীসহ বিভিন্ন পর্যায়ে সচেতনতামূলক সভা, প্রচার-প্রচারণা ও অভিযান, মোবাইল কোর্ট এবং এফ আর পি বোটের জ্বালানী ব্যয় ও পরিচালনা ব্যয় বাবদ। |
| ২। | জেলা প্রশাসক, লক্ষ্মীপুর | ২,০০,০০০/- | ১,০০,০০০/- | |
| ৩। | জেলা প্রশাসক, নোয়াখালী | ৪০,০০০/- | ২০,০০০/- | |
| ৪। | জেলা প্রশাসক, চট্টগ্রাম | ৫০,০০০/- | ২৫,০০০/- | |
| ৫। | জেলা প্রশাসক, কক্সবাজার | ৫০,০০০/- | ২৫,০০০/- | |
| ৬। | জেলা প্রশাসক, ভোলা | ২,০০,০০০/- | ১,০০,০০০/- | |
| ৭। | জেলা প্রশাসক, পটুয়াখালী | ১,৬০,০০০/- | ৮০,০০০/- | |
| ৮। | জেলা প্রশাসক, বরিশাল | ২,০০,০০০/- | ১,০০,০০০/- | |
| ৯। | জেলা প্রশাসক, বরগুনা | ১,৫০,০০০/- | ৭৫,০০০/- | |
| ১০। | জেলা প্রশাসক, পিরোজপুর | ৪৫,০০০/- | ১৫,০০০/- | |
| ১১। | জেলা প্রশাসক, ঝালকাঠি | ৯০,০০০/- | ৩৫,০০০/- | |
| ১২। | জেলা প্রশাসক, বাগেরহাট | ৪০,০০০/- | ১০,০০০/- | |
| ১৩। | জেলা প্রশাসক, শরীয়তপুর | ১,৫০,০০০/- | ৭৫,০০০/- | |
| ১৪। | জেলা প্রশাসক, মাদারীপুর | ৪০,০০০/- | ১০,০০০/- | |
| ১৫। | জেলা প্রশাসক, মানিকগঞ্জ | ৫০,০০০/- | ২০,০০০/- | |
| ১৬। | জেলা প্রশাসক, ফরিদপুর | ৩৫,০০০/- | ১০,০০০/- | |
| ১৭। | জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ | ৫০,০০০/- | ৫০,০০০/- | |
| ১৮। | জেলা প্রশাসক, রাজবাড়ী | ৫০,০০০/- | ৫০,০০০/- | |
| | সর্বমোট | ২০,০০,০০০/- (বিশ লক্ষ টাকা মাত্র) | ১০,০০,০০০/- (দশ লক্ষ টাকা মাত্র) | |

শর্তাবলীঃ

(১) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

(২) অগ্রিম উত্তোলিত অর্থের অব্যয়িত অর্থ ৩০ শে জুন/ ২০১৮ এর মধ্যে অথবা পরবর্তী অগ্রিম গ্রহণের পূর্বে যা আগে আসে সমন্বয় করতে হবে। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার প্রত্যয়নসহ;

(৩) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

(৪) বিভিন্ন ধরণের ব্যয় অর্থাৎ দৈনিক ভাতা, যাতায়াত ভাতা, সভা/সেমিনারের আপ্যায়ন সরকার নির্ধারিত হারে প্রচলিত বিধি-বিধান অনুসরণে নির্বাহ করতে হবে;

(৫) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক অগ্রিম উত্তোলিত অর্থের সমন্বয়ের (অব্যয়িত অর্থ চালানের মাধ্যমে সমর্পনপূর্বক চালানের কপিসহ) প্রত্যয়ন পত্র মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মৎস্য-২ অধিশাখায় প্রেরণ করতে হবে।

(৬) এ অভিযান বরাদ্দকৃত অর্থের ব্যয় বিবরণী ৩০/০৬/২০১৮ এর মধ্যে জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন করে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মৎস্য-২ অধিশাখায় প্রেরণ করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ হামিদুর রহমান)
উপ-সচিব
ফোন : ৯৫৭৬৩৩৬
fisheries-2@mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৭.০১.০০৫.১৫-৪৭৩(৮)

তারিখঃ ১৭ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
০১ নভেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃঃ আঃ- উপ-সচিব, বাজেট-২০ শাখা)।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা।
৩. যুগ্ম-সচিব (বাজেট অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৫. জেলা প্রশাসক,------------------------------------------------------------।
৬. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ...........................................।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অতিরিক্ত-সচিব (মৎস্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ হামিদুর রহমান)
উপ-সচিব